



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর  
১ কাওরান বাজার, টিসিবি ভবন (৭ম তলা), ঢাকা।  
www.roc.gov.bd



স্মারকনং-২৬.০৬.০০০০.০০১.২৮.০৪০.২০২২. ৩৭৬

তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রিঃ

**সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন বিভাগীয় কার্যালয়ের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে আয়োজিত সভার কার্যবিবরণীঃ**

সভাপতি: মুহাম্মদ শফিকুল ইসলাম

: উপ-নিবন্ধক

সভার স্থান: আরজেএসসির সভাকক্ষ।

সভার তারিখ: ২১/০৩/২০২৪ খ্রিঃ

সভার সময়: দুপুর ০২.০০ ঘটিকা।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের আওতাধীন বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২.১ কার্যক্রম মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উদ্দেশ্যে আওতাধীন বিভাগীয় কার্যালয়ে সমন্বয়ে ৩য় ত্রৈমাসিক সভায় আলোচনা করা হয়।

**২। আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ**

**ক) চিটাগাং বিভাগীয় কার্যালয়ঃ**

১. সিটিজেন চার্টার এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের কলামে বর্তমান নিবন্ধক মহোদয়ের নাম দেখাতে হবে।
২. পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে রূপান্তর এর বিষয়টি সিটিজেন চার্টার এ নতুনভাবে লিখতে হবে যা ২য় কোয়ার্টারে হালনাগাদ করার কথা থাকলেও তা অদ্যাবদি হালনাগাদকরণ করা হয়নি।
৩. স্বেচ্ছায় অবলুপ্তির বিষয়টির ক্ষেত্রে কি কি কাগজপত্র লাগবে তা বিস্তারিতভাবে লিখতে হবে যা ২য় কোয়ার্টারে হালনাগাদ করার কথা থাকলেও তা অদ্যাবদি হালনাগাদকরণ করা হয়নি।
৪. ৩য় ত্রৈমাসিকের সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ৩০.০৩.২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৫. সিটিজেন চার্টারে GRS এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের কলামটি সঠিক ভাবে লিখতে হবে।

**খ) খুলনা বিভাগীয় কার্যালয়ঃ**


১. সিটিজেন চার্টার এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের কলামে বর্তমান নিবন্ধক মহোদয় ও সহকারী নিবন্ধকের নাম হালনাগাদ করতে হবে।
২. সিটিজেন চার্টারে GRS এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের কলামটি সঠিক ভাবে লিখতে হবে।
৩. ৩য় ত্রৈমাসিকের সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ৩০.০৩.২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৪. সিটিজেন চার্টার ০৪.০৪.২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

**গ) রাজশাহী বিভাগীয় কার্যালয়ঃ**

১. সিটিজেন চার্টার এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের কলামে বর্তমান নিবন্ধক মহোদয় ও সহকারী নিবন্ধকের নাম হালনাগাদ করতে হবে।
২. পাবলিক কোম্পানি থেকে প্রাইভেট কোম্পানিতে রূপান্তর এর বিষয়টি সিটিজেন চার্টার এ নতুনভাবে লিখতে হবে।
৩. সিটিজেন চার্টার ০৪.০৪.২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
৪. ৩য় ত্রৈমাসিকের সিটিজেন চার্টার হালনাগাদ করে তা ৩০.০৩.২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৫. সিটিজেন চার্টারে GRS এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামের কলামটি সঠিক ভাবে লিখতে হবে।

সভাপতি উপরে উল্লেখিত বিষয়সমূহ সমাধান করতঃ সিটিজেন চার্টার সঠিকভাবে আপলোড এর পরামর্শ প্রদান করেন। সভাপতি সকলকে সেবা প্রদান প্রতিশ্রুতির লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মুহাম্মদ শফিকুল ইসলাম)

উপ নিবন্ধক

ও

সভাপতি, সিটিজেন চার্টার প্রণয়ন/  
হালনাগাদকরণ ও বাস্তবায়ন কমিটি,  
আরজেএসসি, ঢাকা।



বিতরণঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ১। উপ-নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের বিভাগীয় কার্যালয়, সিডিএ এনেক্স ভবন (৫ম তলা), কোতোয়ালী, চট্টগ্রাম।
- ২। সহকারী নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের বিভাগীয় কার্যালয়, ট্রিবিউন টাওয়ার, ২/বি, কেডিএ অ্যাভিনিউ, খুলনা।
- ৩। সহকারী-নিবন্ধক (চলতি দায়িত্ব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের বিভাগীয় কার্যালয়, সাধারণ বীমা ভবন (৮ম তলা), কাজীহাটা, রাজশাহী।

স্মারকনং-২৬.০৬.০০০০.০০১.২৮.০৪০.২০২২. ০৭০২

তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়। [দৃঃ আঃ উপ-সচিব, প্রশাসন-১ শাখা, বাণিজ্য মন্ত্রণালয়]
  - ২। নিবন্ধক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর। (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। অফিস কপি।



(অনন্ত কুমার পাল)

সহকারী নিবন্ধক (চঃদাঃ)

